



ভারতীয় হাইকমিশন অভিমুখে মার্চের ঘোষণা জুলাই ঐক্যের



সংগৃহীত ছবি

জুলাই গণহত্যায় জড়িতদের প্রত্যর্পণ, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ অভিযুক্তদের দেশে ফেরানো এবং ভারতীয় আগ্রাসনের প্রতিবাদে ‘মার্চ টু ইন্ডিয়ান হাইকমিশন’ কর্মসূচি ঘোষণা করেছে জুলাই ঐক্য।

ভারতে অবস্থানরত জুলাই গণহত্যা ও ছাত্র-জনতার অভ্যুত্থানে সংঘটিত হত্যাকাণ্ডে জড়িতদের বাংলাদেশে ফিরিয়ে আনার দাবিতে ভারতীয় হাইকমিশনের উদ্দেশ্যে মার্চ কর্মসূচি ঘোষণা করেছে জুলাই ঐক্য। আগামী বুধবার (১৭ ডিসেম্বর) দুপুর ৩টায় এ কর্মসূচি পালনের কথা জানানো হয়েছে।

মঙ্গলবার (১৬ ডিসেম্বর) সন্ধ্যায় প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, বাংলাদেশবিরোধী ষড়যন্ত্র, ভারতীয় প্রস্তুি রাজনৈতিক শক্তির তৎপরতা এবং কিছু গণমাধ্যম ও সরকারি মহলের ভূমিকার প্রতিবাদ জানাতেই এই কর্মসূচি।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সমাজসেবা সম্পাদক ও জুলাই ঐক্যের সংগঠক এবি জুবায়ের বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য সবচেয়ে বড় হুমকি হয়ে উঠেছে ধারাবাহিক ভারতীয় আগ্রাসন। তিনি বলেন, জুলাই-আগস্টে সংঘটিত হত্যাকাণ্ডে জড়িত যেসব ব্যক্তি ভারতে পালিয়ে রয়েছে, তাদের দ্রুত প্রত্যর্পণের দাবিতে জনগণকে সঙ্গে নিয়ে এই কর্মসূচি পালন করা হবে।

তিনি আরও জানান, বাংলাদেশে অস্থিতিশীলতা তৈরির উদ্দেশ্যে ভারতীয় মদদপুষ্ট রাজনৈতিক দল ও গণমাধ্যমের তৎপরতার বিরুদ্ধেও এই মার্চ থেকে প্রতিবাদ জানানো হবে।